# 2023

# FYUGP

## SEMESTER-1

## BENGALI

Paper : SEC – 0102103

**Paper Code : SEC 0102103**

*Full Marks: 45*
*Time : 2 hours*

***The figures in the margin indicate full marks for the questions***

১. অতি সংক্ষিপ্ত উত্তর দাও— ১×৫ = ৫

ক) গ্রন্থকারে প্রকাশের আগে ছাপাখানায় নির্দিষ্ট মাপের কাগজে তোলা পাণ্ডুলিপির মুদ্রিত রূপটিকে কী বলা হয়?

খ) প্রুফ সংশোধনের নিয়মাবলি নির্ধারণ করার জন্য Indian Standards Institution কত খ্রিষ্টাব্দে একটি কমিটি গঠন করেছিলেন?

গ) পণ্যের ওপর কাল্পনিক গুরুত্ব আরোপ করাকে পরিভাষা অনুযায়ী কী বলে— 'Fetishism of Commodity' না 'Dialectics'?

ঘ) হাতে লেখা বা টাইপ করা যে রচনাগুলো প্রেসে পাঠানো হয়, ছাপাখানার জগতে তার চলতি নাম কী?

ঙ) 'অক্ষরের ক্রম ঠিক করতে হলে প্রুফশিটের মার্জিনে trs. কথাটি লিখতে হয়?' —উদ্ধৃতিটি শুদ্ধ না অশুদ্ধ, লেখা।

*Contd.*

২. নিম্নলিখিত প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো **পাঁচটি**) ঃ

২×৫ = ১০

ক) একটি বইয়ের সম্পূর্ণ রূপ কয়টি স্তম্ভের উপর দাঁড়িয়ে থাকে? এদের মধ্যে কোনটিকে গ্রন্থের প্রাথমিক অংশ বলা হয়?

খ) 'Symbolism' মতবাদের প্রবর্তক যে-কোনো দুজন শিল্পী-সাহিত্যিকের নাম লেখো।

গ) হরফের মাপ বোঝাতে কোন শব্দটি ব্যবহৃত হয়? হরফের মাপ নির্দেশক সাংকেতিক চিহ্ন কোনটি?

ঘ) পয়েন্টের সাইজ বা মাপ সাধারণত কত থেকে কত পর্যন্ত হতে পারে?

ঙ) প্রি-প্রেস প্রুফ কত রকমের হয় ও কী কী?

চ) মলাট বা কভারের যে-কোনো দুটি পৃষ্ঠার (side) নাম লেখো।

ছ) নিম্নলিখিত ত্রুটি সংশোধনের প্রকৃতি দুটি কোন পর্যায়ের, তা উল্লেখ করো—

১. শব্দ, পদ বা বাক্যের মধ্যে অবাঞ্ছিত অক্ষর বা শব্দ/পদ মোছা

২. পংক্তির অন্তর্গত প্রয়োজনীয় অংশকে বক্র (*italics*) করা।

জ) ISBN-এর সম্পূর্ণ রূপটি উল্লেখ করো।

ঝ) শব্দ বা পদের মধ্যে অবাঞ্ছিত অক্ষর মুছতে এবং বাক্যের মধ্যে কোথাও কমা চিহ্ন বসাতে প্রুফশিটের মার্জিনে কোন দুটি চিহ্ন দিতে হয়?

ঞ) নিম্নলিখিত দুটি চিহ্নের সংশোধনী নির্দেশ কী হবে, তা লেখো—

১. # ২. [ ]

৩. যে-কোনো **চারটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও— ৫×৪ = ২০

ক) বোর্ড বাঁধাইয়ের ওপর ল্যামিনেট করা কাগজের মলাটকে কী বলে? এই ধরনের মলাটের মোড়ানো অংশটির নাম কী? মোড়ানো অংশটি কী কাজে লাগে, তা লেখো। ১+১+৩



খ) প্রাচীন কালের পাণ্ডুলিপিতে ব্যবহৃত 'পুষ্পিকা'র কাজ সম্বন্ধে যা জানো, লেখো।

গ) টীকা লেখো— সিম্বলিজম্ (Symbolism) অথবা রিয়েলিজম্ (Realism)।

ঘ) কম্পোজিটর ও অপারেটর কাদের বলে? এদের দুজনের কাজের মিল বা অমিলের পরিচয় দাও। ২+৩

ঙ) গ্যালি কী? গ্যালিপ্রুফ সম্বন্ধে যা জানো, লেখো। ১+৪

চ) ভারতবর্ষে প্রুফ সংশোধনের মানক নীতি কারা তৈরি করেছিলেন? এই নীতি অনুযায়ী প্রুফ সংশোধনের কতগুলো প্রকার আছে? সেগুলো কী কী? ১+১+৩

ছ) প্রুফশিট কাকে বলে? একটি প্রুফশিটে কয়টি মার্জিন থাকে? ৪+১

জ) ব্লগ কাকে বলে? একটি ব্লগের বিভিন্ন অংশগুলোর পরিচয় দাও। ২+৩

৪. যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও— ১০×১ = ১০

ক) প্রুফ সংশোধক কাকে বলে? একজন সংশোধকের কী কী গুণ থাকা দরকার? ২+৮

খ) ছাপাখানার হট ও কোল্ড কম্পোজিশন সম্বন্ধে আলোচনা করো।

গ) আন্তর্জালে কনটেন্ট রাইটিং, ফ্রিলাসিং ও ই-মার্কেটিং কীভাবে করা হয়, বুঝিয়ে দাও।

ঘ) মার্জিনে সংশোধনী চিহ্ন নির্দেশ করে নিম্নলিখিত শুদ্ধ পাণ্ডুলিপির সাহায্যে অশুদ্ধ 'কপি'টির একটি প্রুফশিট তৈরি করো—

শুদ্ধ পাণ্ডুলিপি ঃ

'ফুল্লরার মাসির জন্য সহসা বড়ো কষ্ট হল। কাঁদতে গিয়ে ফুল্লরা দেখতে পেল, গাড়িটা চলে যাচ্ছে, মাদার ইন্ডিয়ার পা-দুটো খোলা দরজার ফাঁকে চিতিয়ে আছে, বিনা মৃতাচারে ছাই হবার জন্যে বেওয়ারিশ



*Contd.*

মড়া হয়ে চলে যাচ্ছে ও। আর মাদার ইন্ডিয়া দেখতে পেল না, ওর শোকে কেমন বিবশ হয়ে কয়েকটি কাঙালি ও এক *বহুসেবিকা* ফুটপাতে বসে **কর্মবিরতি ও অশৌচ** পালন করছে।'

অশুদ্ধ কম্পোজ ম্যাটার ঃ

ফুল্লরার মাসইর জন্য সহসা বড়ো কষ্ট হল। কাঁদতে গিয়ে ফুল্লরা দে তে পেল, গাড়িটা চলে যাচ্ছে, ফাদার ইন্ডিয়ার পা-দুটো খোলা দরজার ফাঁকে চিবিয়ে আছে, বিনা মিতাচারে ইছা হ্বার জন্যে বেওয়ারিশ মড়া হয়ে চলে যাচ্ছে ও। আর আর মাদার ইন্ডিয়া দেখতে পেল না, ওর শোকে কেমন বিবশ হয়ে কয়েকটি কাঙালি ও এক বহুসেবিকা ফুটপাতে বসে কর্মবিরতি ও অশৌচ গালন করছে।

– x –